



তথ্যবিবরণী

নম্বর-০৬৪

নাটোরে বিএসটিআই কর্তৃক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

রাজশাহী; ২৪ আশ্বিন (০৯ অক্টোবর):

আজ (০৯ অক্টোবর) বুধবার নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলার বিভিন্ন এলাকায় নাটোর উপজেলা প্রশাসন ও রাজশাহী বিএসটিআই বিভাগীয় অফিস এর যৌথ উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

বিএসটিআই হতে মান যাচাই ব্যতীত অস্বাস্থ্যকর পরিবেশে কেক উৎপাদন, বিক্রয় ও বিতরণের অপরাধে নাটোরের তমালতলাস্থ বিপ্লব বেকারিকে বিএসটিআই আইন-২০১৮ এর সংশ্লিষ্ট ১ ধারায় ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ১০,০০০ টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্টটি পরিচালনা করেন বাগাতিপাড়া উপজেলা নির্বাহী অফিসার অনামিকা নজরুল। এসময় প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন ফিল্ড অফিসার (সিএম) মোঃ দেলোয়ার হোসেন।

একই এলাকায় ভেরিফিকেশন সনদের মেয়াদ না থাকার অপরাধে বাগাতিপাড়াস্থ মেসার্স পার্থ এন্টারপ্রাইজকে ডিজিটাল স্কেলের ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮ অনুযায়ী ২,০০০ টাকা জরিমানা করা হয়। এছাড়াও মেসার্স ভাই ভাই অয়েল সেন্টারকে বৈধ ভেরিফিকেশন সনদ ব্যতীত লিটার পরিমাপক ব্যবহার করায় ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮ অনুযায়ী ১,০০০ টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) সুরাইয়া মমতাজ। প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন কামরুল হাসান, পরিদর্শক বিএসটিআই, রাজশাহী।

জনস্বার্থে এরকম কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছে রাজশাহী বিএসটিআই বিভাগীয় অফিস।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৭:০০ঘ.